

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০২.০০০০.০৩৮.১৫.০২১.১৬.২২৫

তারিখ: ৩১/১২/২০১৭ খ্রি.

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
ভূমি মন্ত্রণালয়
৭১, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় : ই-নামজারী কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ১২ টি ডেভিকেটেড সার্ভার ক্রয়ের জন্য ভূমি সংস্কার বোর্ডের অনুকূলে বরাদ্দকৃত ২,৫৬,৫১,০০০/- (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ একান্ন হাজার) টাকা অগ্রিম মঞ্জুরী সংক্রান্ত।

সূত্র : ভূমি সংস্কার বোর্ড এর স্মারক নং-৩১.০২.০০০০.০১.০১৩.০১২.১৪.২২২, তারিখ: ২৪/১২/২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০১৭-১৮ অর্থ বছরে ৪৬০৭ ভূমি সংস্কার বোর্ডের অধীন ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় খাতভুক্ত ৬৮১৫-কম্পিউটার ও যন্ত্রাংশ উপখাতে ই-নামজারী বাস্তবায়নের লক্ষ্যে ১২ টি ডেভিকেটেড সার্ভার (Server) ক্রয়ের নিমিত্ত ভূমি সংস্কার বোর্ডের মূল বরাদ্দের অনুকূলে অতিরিক্ত বরাদ্দকৃত ২,৫৬,৫১,০০০/- (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ একান্ন হাজার) টাকার অগ্রিম মঞ্জুরি আদেশ জারি নির্দেশক্রমে জ্ঞাপন করছি।

শর্তাবলী:

- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনিসহ) এবং প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ/প্রতিপালন করতে হবে;
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- বরাদ্দকৃত অর্থ চলতি ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত অনুময়ন বাজেটে ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ ভূমি সংস্কার বোর্ডের ৩-৪৬০৭-০০০০-৬৮১৫ কম্পিউটার ও যন্ত্রাংশ উপখাতে সমন্বয় করতে হবে; এবং
- অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০-০৬-২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বা/-

(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)

স্মারক নং- ৩১.০২.০০০০.০৩৮.১৫.০২১.১৬.২২৫/১(১)

তারিখ: ৩১/১২/২০১৭ খ্রি.

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা এর বরাবর পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-২, শাখা-১৮ কে অনুরোধ করা হলো।

স্বা/-

(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)

(চলমান পাতা-২)